

Third Round of Foreign Office Consultations between India and El Salvador

September 18, 2021

ভারত এবং এল সালভাদোরের মধ্যে তৃতীয় দফার বিদেশ দপ্তর পরামর্শ

সেপ্টেম্বর 18, 2021

1. 17 ই সেপ্টেম্বর 2021 -এ সান সালভাদোরে ভারত এবং এল সালভাদোরের মধ্যে তৃতীয় দফার বিদেশ দপ্তর পরামর্শ (এফওসি) অনুষ্ঠিত হয়েছে। ভারতের তরফে নেতৃত্ব দিয়েছেন শ্রীমতি রিভা গাঙ্গুলী দাস, সচিব (পূর্ব) এবং এল সালভাদোরের তরফে নেতৃত্ব দিয়েছেন বিদেশ বিষয়ক, একীকরণ ও অর্থনৈতিক প্রচার মন্ত্রকের উপমন্ত্রী রাষ্ট্রদূত হার এক্সেলেন্সি মিস আন্ড্রিয়া মারিয়া মিরো।
2. এফওসি চলাকালীন, উভয়পক্ষ দুই দেশের মধ্যে উষ্ণ এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক লক্ষ্য করেছেন এবং স্বাস্থ্য, বাণিজ্য ও বিনিয়োগ, পর্যটন, জলজ চাষ, শক্তি, পরিবহন, বিমান ও পরিকাঠামো, সংস্কৃতি, কনসুলার ও উন্নয়ন অংশীদারি সহ সকল ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া বিষয় নিয়ে ব্যাপক পর্যালোচনা করেছেন। উভয় পক্ষই জনসাধারণের কৃৎসনিতির ক্ষেত্রে সর্বোত্তম অনুশীলন বিনিময় করার সিদ্ধান্ত নিয়েছেন।
3. দুই তরফ রাষ্ট্রপুঞ্জ সহযোগিতা সহ দুই দেশের সাধারণ স্বার্থ সম্পর্কিত আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয় গুলি নিয়ে নিজেদের মধ্যে মত বিনিময়ও করেছেন এবং বাহুপাক্ষিক ক্ষেত্রে ঘনিষ্ঠ সম্পর্কযুক্ত হয়ে কাজ করার জন্য সহমত হয়েছেন।
4. এফওসি চলাকালীন ভারতের বিদেশ মন্ত্রকের সুষমা স্বরাজ ইন্সটিটিউট অব ফরেন সার্ভিস (এসএসআইএফএস) এবং এল সালভাদোরের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের স্পেশালাইজড ইন্সটিটিউট অব হায়ার এডুকেশন ফর ডিপ্লোম্যাটিক ট্রেনিং (আইইইএসএফওআরডি)-এর মধ্যে একটি মৌ স্বাক্ষরিত হয়েছে।
5. উষ্ণ এবং সৌহার্দপূর্ণ পরিবেশে আলোচনাটি অনুষ্ঠিত হয়েছে। দ্বিপাক্ষিক সম্পর্ককে প্রসারিত এবং আরও শক্তিশালী করার জন্য দুই পক্ষ ঘনিষ্ঠভাবে একসাথে কাজ করার জন্য সহমত হয়েছেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 17, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.